বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০
বাংলাদেশ
web: www.bb.org.bd

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(রেমিট্যান্স পলিসি সেকশন)

সার্কুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১২-১২

১১-০৩-১৪১৯ বাঃ
২৫-০৬-২০১২ খ্রিঃ

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

**বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জব্রত পালন-১৪৩৩ হিজরী সন**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ১৪৩৩ হিজরী "হজ্জ প্যাকেজ-২০১২ খ্রিঃ (১৪৩৩ হিজরী)" বিজ্ঞপ্তির নির্দেশনার আলোকে বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জব্রত পালনে গমনোচ্ছুকগনের অনুকূলে বৈদেশিক মুদ্রা ছাড়করণে অনুসরণীয় নির্দেশনা নিম্নে প্রদত্ত হলো।

ক)বেসরকারী ব্যবস্থাপনায় ১৪৩৩ হিজরী সনে হজ্জব্রত পালনের জন্য নিম্নোক্ত বিভাজন মোতাবেক সরকার নির্ধারিত ব্যাংকে জমা করতে হবে ঃ

| ক্রমিক নং | ব্যয়ের খাতসমূহ | পরিমান (টাকা) |
|---|---|---|
| ১ (ক) | নীট বিমান ভাড়া মার্কিন ডলার ১৪৭৫ (১৪৭৫×৮২.০০) | ১,২০,৯৫০/- |
| (খ) | ইন্সিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০×৮২.০০) | ৮২০/- |
| (গ) | জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২১.০০) | ১০৫০/- |
| (ঘ) | এম্বারকেশন ফি | ৩০০/- |
| (ঙ) | এক্সাইজ ডিউটি | ৫০০/- |
| (চ) | স্থানীয় সার্ভিস চার্জ | ৫০০/- |
| (ছ) | আপৎকালীন ফান্ড | ১০০/- |
| (জ) | জেদ্দা-মক্কা-মদিনা-মিনা-আরাফাতের যাতায়াত ব্যয়, মিনায় তাবু ভাড়া, মোয়াল্লেম ফি, ইউনাইটেড এজেন্সীর অতিরিক্ত ফি, মোয়াচ্ছাসার জম জমের পানি ইত্যাদি সৌদি রিয়াল ১,০৮৯+৫০+২০= (১,১৫৯×২১.০০) | ২৪,৩৩৯/- |
| | মোট | ১,৪৮,৫৫৯/- |
| ২. | মিনা-আরাফা-এ মোয়াল্লেমের অতিরিক্ত সার্ভিস চার্জ | এজেন্সীর প্যাকেজ অনুযায়ী |
| ৩. | মক্কা-মদিনায় বাড়ী ভাড়া ব্যয় | এজেন্সীর প্যাকেজ অনুযায়ী |
| ৪. | হজ্জ যাত্রীদের কুরবানী খরচ (কুরবানী নিশ্চিত করার জন্য সৌদি আরবে ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এ অর্থ জমা করে মানি রিসিট প্রত্যেক হজ্জযাত্রীকে দিতে হবে) | এজেন্সীর প্যাকেজ অনুযায়ী |
| ৫. | মক্কা, মদিনা ও মীনায় খাওয়া খরচ | এজেন্সীর প্যাকেজ অনুযায়ী |
| ৬. | হজ্জ গাইড ও প্রশিক্ষন চার্জ | এজেন্সীর প্যাকেজ অনুযায়ী |

(বৈদেশিক মুদ্রার বিনিময় হার পরিবর্তন হলে মোট খরচের তারতম্য হবে)

(খ) ১৪৩৩ হিজরী সনের হজ্জের টাকা (মোয়াল্লেম ফি, বিমান ভাড়া ও অন্যান্য হজ্জ সংক্রান্ত সমুদয় অর্থ) জমাদানের সর্বশেষ সময়সীমা ১ লা জুলাই,২০১২ ।

(গ) হজ্জযাত্রীগন হজ্জ এজেন্সী কর্তৃক নির্ধারিত ব্যাংক একাউন্টে টাকা জমা দিবেন। তবে এজেন্সীসমূহ শুধুমাত্র এজেন্সীর স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত রসিদমূলে হজ্জযাত্রীদের নিকট থেকে সরাসরি নগদ টাকা গ্রহন করতে পারবেন।

০২। বেসরকারী ব্যবস্থাপনায় গমননেচ্ছুক সকল হজ্জযাত্রী হজ্জের সার্বিক খরচ ছাড়াও অনুমোদিত ব্যাংকে নগদ টাকা জমা দিয়ে সর্বোচ্চ মার্কিন ডলার ৫০০.০০ (পাঁচ শত মাত্র) সমমূল্যের বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন ।

০৩। প্রচলিত ব্যবস্থায় টিএম ফরমে আবেদনের ভিত্তিতে কনফার্মড রিটার্ন এয়ার টিকেট ও আন্তর্জাতিক পাসপোর্টে এনডোর্সমেন্টপূর্বক বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে । বিমান টিকেটে উল্লিখিত যাত্রার তারিখের ২(দুই) সপ্তাহের পূর্বে কোন বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে না ।

০৪। হজ্জ যাত্রীর আন্তর্জাতিক পাসপোর্টে অনুরূপ স্বাক্ষর/টিপসহি টিএম ফরমে গ্রহণ করে নির্ধারিত পরিমাণ বৈদেশিক মুদ্রা কেবলমাত্র সংশ্লিষ্ট হজ্জ যাত্রীর নিকট হস্তান্তরের বিষয়টি অনুমোদিত ডিলারগণকে নিশ্চিত করতে হবে ।

এ সার্কুলার পত্রের নির্দেশনা সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ গোলাম হায়দার)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৩৭৫ ।

সংযোজনী ঃ

১. "হজ্জ প্যাকেজ-২০১২ খ্রিঃ (১৪৩৩ হিজরী)" ।
২. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ্জ শাখার ২০.০৬.২০১২ তারিখের ধবিম/হঃশঃ/১-১৬/২০১১/৪৪৯ নং প্রেস বিজ্ঞপ্তি।